



## আমার ক্ষমতার কোনো সীমা-পরিসীমা নেই: ট্রাম্প



ডোনাল্ড ট্রাম্প | ছবি: সংগৃহীত

ইরান পরিস্থিতিকে কেন্দ্র করে সাম্প্রতিক ঘটনাপ্রবাহের পর নিজের অবস্থান নিয়ে নতুন করে মন্তব্য করেছেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। তিনি দাবি করেন, এই সময়ের পর তিনি আগের যেকোনো সময়ের তুলনায় অনেক বেশি শক্ত অবস্থানে আছেন।

মার্কিন সংবাদমাধ্যম অ্যান্ড্রিওসের প্রতিবেদনে বলা হয়েছে, ট্রাম্প ঘনিষ্ঠদের সঙ্গে আলোচনায় বলেন, ইরান ইস্যু সামলানোর পর তার রাজনৈতিক অবস্থান ও প্রভাব উল্লেখযোগ্যভাবে বেড়েছে এবং সিদ্ধান্ত নেওয়ার ক্ষেত্রে তিনি এখন আরও দৃঢ়।

প্রতিবেদনে আরও বলা হয়, ট্রাম্প মনে করেন সাম্প্রতিক পদক্ষেপগুলো তাকে অভ্যন্তরীণ রাজনীতি এবং আন্তর্জাতিক অঙ্গনে বাড়তি সুবিধা এনে দিয়েছে। তিনি আরও মন্তব্য করেন, পরিস্থিতির পর তিনি নীতিগত সিদ্ধান্ত গ্রহণে এখন আগের চেয়ে বেশি স্বাধীনতা অনুভব করছেন।

এদিকে তার এই মন্তব্য ঘিরে রাজনৈতিক অঙ্গনে আলোচনা চলছে। সমালোচকদের মতে, এমন বক্তব্য যুক্তরাষ্ট্রের রাজনৈতিক বিতর্ক আরও বাড়িয়ে দিতে পারে। এ বিষয়ে হোয়াইট হাউসের পক্ষ থেকে এখনো কোনো আনুষ্ঠানিক প্রতিক্রিয়া পাওয়া যায়নি।